৩০/৮/২০০১

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃ: ৬ কলাম ৮......

# শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের বিরুদ্ধে ষড়যন্ত্র প্রতিহত করার আহ্বান

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিকক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের বিরুদ্ধে ষড়যন্ত্র প্রতিহত করার আহ্বান জানাইয়া ট্রাস্টের ৬ জন সদস্য গত (মঙ্গলবার) এক যুক্ত বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, অপরিণামদর্শী হঠকারী রাজনৈতিক উদ্দেশ্য সাধন ও ব্যক্তিগত নেতৃত্ব প্রতিষ্ঠায় অভিলাষী ব্যক্তির শিক্ষক স্বার্থ রিরোধী চক্রান্তকে রুখিয়া দাঁড়াইতে হইবে। বিবৃতিতে স্বাক্ষর দান করিয়াছেন ট্রাস্টিবোর্ডের সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, সদস্য আবু বকর সিদ্দিক, এম এ আউয়াল সিদ্দিকী, অধ্যক্ষ আবু তালেব, মো: জুলফিকার আলী ভুট্টো ও মো: জালাল আহমেদ।